

# AKASHVANI (AIR)

RNU : KOLKATA

Bengali Text Bulletin

**Date: 21.11.2024**

**Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর –

১/ রাজ্যে ট্যাব জালিয়াতির ঘটনায় বিহারের ‘জামতাড়া চক্র’ জড়িত বলে আবারো অভিযোগ করে মুখ্যমন্ত্রী বলেছেন, সীমান্তবর্তী জেলাগুলিতে বাইরে থেকে আসা অপরাধীরা আশ্রয় নিচ্ছে। # এদিকে ট্যাব জালিয়াতিতে জড়িত থাকার অভিযোগে পুলিশ এপর্যন্ত ২৭ জনকে গ্রেপ্তার করেছে।

২/ ‘তরুণের স্বপ্ন’ প্রকল্পে ট্যাবের টাকা নিয়ে জালিয়াতির পর এবার কন্যাশ্রী পোর্টালেও নিরাপত্তা বিঘ্নিত হওয়ার আশঙ্কা প্রকাশ করে ‘ন্যাশনাল ইনফর্মেটিক্স সেন্টার’, রাজ্য সরকারকে সতর্ক করেছে।

৩/ ১৫ই ডিসেম্বর থেকে ‘বাংলার বাড়ি’ প্রকল্পে উপভোক্তাদের প্রথম কিস্তির টাকা দেওয়ার কাজ শুরু হবে। # ‘কৃষক বন্ধু’ প্রকল্পে সহায়তা প্রদানের কাজ শুরু হচ্ছে আগামীকাল।

৪/ রাজ্যে আলু ও পেঁয়াজের অস্বাভাবিক মূল্য বৃদ্ধির প্রেক্ষিতে মুখ্যমন্ত্রী আবারো ওই দুটি পণ্য রপ্তানির উপর নিষেধাজ্ঞা জারি করেছেন।

৫/ বিধানসভার অধিবেশন শুরুর আগে আগামীকাল সর্বদল বৈঠকের ডাক দেওয়া হয়েছে।

৬/ R G Kar-এ তরুণী চিকিৎসকের ধর্ষণ ও খুনের ঘটনায় CPIM, দ্রুত তদন্ত প্রক্রিয়া শেষ করার জন্য CBI-এর কাছে দাবি জানিয়েছে।

৭/ বাংলা, মহিলাদের অনূর্ধ্ব- ১৫ একদিনের ক্রিকেটে আজ ১৪১ রানে জম্মু কাশ্মীরকে হারিয়ে দিয়েছে।

\*\*\*\*\*

‘তরুণের স্বপ্ন’ প্রকল্পে রাজ্যে ছাত্র ছাত্রীদের যে এক হাজার ৬০০ কোটি টাকা দেওয়া হয়েছে, তার মধ্যে বিহারের ‘জামতাড়া চক্র’ ২’কোটি টাকা প্রতারণা করেছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি দাবী করেছেন। তিনি বলেছেন, সাইবার প্রতারণা সহ বিভিন্ন অপরাধ সংগঠিত করতে শহরের শপিং মল সহ রাজ্যের সীমান্তবর্তী জেলাগুলিতে অপরাধীরা আশ্রয় নিচ্ছে বলে রাজ্য সরকার জানিয়েছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ নবান্নে সাংবাদিকদের বলেন কয়েকটি শপিং মলের মাধ্যমে রাজ্যে জাল টাকা ছড়ানো হচ্ছে বলে প্রশাসনের কাছে খবর রয়েছে। সেই কারণে এই শপিং মলগুলির উপরে নজরদারি বৃদ্ধির নির্দেশ দিয়েছেন তিনি। পাশাপাশি সীমান্তবর্তী জেলাগুলিতে সবাইকে সতর্ক থাকার নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী। সীমান্ত সুরক্ষার বিষয়টি কেন্দ্রীয় সরকারের দেখার কথা থাকলেও তারা সেইদিকে নজর দিচ্ছে না বলে মুখ্যমন্ত্রীর আরো অভিযোগ। এই বিষয়ে ক্যাবিনেট সচিব ও স্বরাষ্ট্র মন্ত্রকের সঙ্গে কথা বলার জন্যে তিনি মুখ্যসচিব মনোজ পণ্ডকে নির্দেশ দেন।

পাশাপাশি এখন থেকে রাজ্যের বিভিন্ন গুরুত্বপূর্ণ জায়গায় নিয়মিত নাকা চেকিং চালানোর জন্যে মুখ্যমন্ত্রী রাজ্য প্রশাসনকে নির্দেশ দিয়েছেন।

\*\*\*\*\*

ট্যাব জালিয়াতিতে জড়িত থাকার অভিযোগে পুলিশ রাজ্যে এপর্যন্ত ২৭ জনকে গ্রেপ্তার করেছে। এছাড়াও এক হাজার ১৯০ টি অ্যাকাউন্ট ফ্রিজ করা হয়েছে বলে সরকারি সূত্রে জানা গেছে।

এদিকে, ট্যাব কেলেঙ্কারির ঘটনায় পূর্ব বর্ধমান জেলা পুলিশ আরো একজনকে গ্রেপ্তার করেছে। রবীন্দ্র প্রসাদ সিংহ নামে ধৃত ব্যক্তি বিহারের কিষাণগঞ্জের মিলনচকের বাসিন্দা। বিশেষ তদন্তকারী দল তাকে শিলিগুড়ির দেবীডাঙ্গা থেকে গ্রেপ্তার করে। অতিরিক্ত পুলিশ সুপার জানিয়েছেন, ধৃত রবীন্দ্রকে ট্রান্সিট রিম্যান্ডে শিলিগুড়ি থেকে পূর্ব বর্ধমানে আনা হচ্ছে। আগামীকাল তাকে বর্ধমান আদালতে তোলা হবে। প্রাথমিক তদন্তে

জানা গেছে, প্রকৃত উপভোক্তার পরিবর্তে বিভিন্ন অ্যাকাউন্টের নম্বর জোগাড় করায় রবীন্দ্র প্রসাদের বড় ভূমিকা ছিল।

ট্যাব কেলেঙ্কারিতে যুক্ত থাকার অভিযোগে ভিন জেলার এক যুবককে গ্রেপ্তার করেছে উত্তর ২৪ পরগণার বনগাঁ থানার পুলিশ। উত্তর দিনাজপুরের ইসলামপুরের বাসিন্দা মোহাম্মদ বাহাউদ্দিনকে গতকাল গ্রেফতার করা হয়।

আজ তাকে বনগাঁ মহকুমা আদালতে তোলা হলে আট দিনের পুলিশি হেফাজতের নির্দেশ দেওয়া হয়।

\*\*\*\*\*

‘তরুণের স্বপ্ন’ প্রকল্পে ট্যাবের টাকা নিয়ে জালিয়াতির পর এবার ‘কন্যাশ্রী’ পোর্টালেও নিরাপত্তা বিঘ্নিত হওয়ার আশঙ্কা প্রকাশ করে ‘ন্যাশনাল ইনফর্মেটিক্স সেন্টার’, রাজ্য সরকারকে সতর্ক করেছে। কেন্দ্রীয় সরকারি ঐ সংস্থাই সংশ্লিষ্ট পোর্টালটি দেখাশোনা করে। তাদের সতর্ক বার্তার প্রেক্ষিতে নারী-শিশু কল্যাণ দফতর সমস্ত জেলাকে চিঠি দিয়ে একগুচ্ছ সতর্কতামূলক ব্যবস্থা নেওয়ার নির্দেশ দিয়েছে।

‘কন্যাশ্রী’ পোর্টালের নিরাপত্তা আরও আঁটসাঁট করতে কী কী ব্যবস্থা নেওয়া দরকার তা বিস্তারিতভাবে জানানো হয়েছে। নিয়মিত ব্যবধানে পাসওয়ার্ড পরিবর্তন করার পাশাপাশি সমস্ত অপারেটিং সিস্টেম আপডেট করতে বলা হয়েছে।

\*\*\*\*\*

রাজ্য সরকার আগামী ১৫ই ডিসেম্বর থেকে ‘বাংলার বাড়ি’ প্রকল্পে উপভোক্তাদের প্রথম কিস্তির টাকা দেওয়ার কাজ শুরু করবে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ নবান্নে সাংবাদিকদের বলেন, ১২ লক্ষ উপভোক্তাকে ৩০শে ডিসেম্বর পর্যন্ত প্রথম কিস্তির ৬০ হাজার টাকা করে দেওয়া হবে। টাকার জোগাড় করে আগামী তিন বছরের মধ্যে আরও ২৪ লক্ষ উপভোক্তাকে দেওয়া হবে সহায়তা।

( বাইট- মমতা বাড়ি )

মুখ্যমন্ত্রী আরও জানান, ২০২৪-২৫ রবি মরসুমে ‘কৃষক বন্ধু’ প্রকল্পে এক কোটি ৮ লক্ষ ৯৫ হাজার কৃষককে দু’ হাজার ৯৪৩ কোটি টাকা সহায়তা প্রদানের কাজ শুরু হবে আগামীকাল। এই দফায় মোট ২ হাজার ৯৪৩ কোটি টাকা দেওয়া হবে।

এছাড়াও ‘লক্ষীর ভান্ডার’ প্রকল্পে আগামী মাসে আরও ৫ লক্ষ ৭ হাজার মহিলাকে অন্তর্ভুক্ত করা হবে। এর ফলে রাজ্যের দুই কোটি ২১ লক্ষ মহিলা এই প্রকল্পের আওতায় আসবেন।

\*\*\*\*\*

এদিকে, নারীর ক্ষমতায়নে লক্ষীর ভান্ডার প্রকল্পে অনুদান বৃদ্ধির আবেদন জানিয়ে পুরুলিয়ার বিজেপি সাংসদ জ্যোতির্ময় সিং মাহাতো মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি কে চিঠি দিয়েছেন। দেশের মধ্যে এই রাজ্যে মুদ্রাস্ফীতির হার সবচেয়ে বেশি, জিনিসপত্রের দাম আকাশছোঁয়া হওয়ায় বর্তমান অনুদান যথেষ্ট নয় বলে চিঠিতে তিনি উল্লেখ করেছেন। লক্ষীর ভান্ডারে অনুদান এক হাজার থেকে বাড়িয়ে দুই হাজার টাকা করার আবেদন তিনি জানিয়েছেন। তৃনমূল কংগ্রেসের নেতা ঘনিষ্ঠদের কাছ থেকে যেভাবে কোটি কোটি টাকা উদ্ধার হয়েছে তার সঠিক ব্যবহার করলে মাসে দুই হাজার টাকা দেওয়া কঠিন হবে না বলেও চিঠিতে উল্লেখ করেছেন তিনি।

\*\*\*\*\*

রাজ্যে আলু ও পেঁয়াজের অস্বাভাবিক মূল্য বৃদ্ধির প্রেক্ষিতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আবারো ওই দুটি পণ্য রপ্তানির উপর নিষেধাজ্ঞা জারি করেছেন।

নবান্নে আজ এক উচ্চ পর্যায়ের বৈঠকে আলু পেঁয়াজের দাম বৃদ্ধি নিয়ে তীব্র ক্ষোভ প্রকাশ করেন তিনি। মুখ্যমন্ত্রী আরও বলেন এ রাজ্যে উৎপাদিত আলু পেঁয়াজ অন্য রাজ্যে পাঠিয়ে, এক শ্রেণীর ব্যবসায়ী মুনাফা লুটবে আর রাজ্যের মানুষ বঞ্চিত হবে তা কখনোই মেনে নেওয়া হবে না। যতদিন না রাজ্যে আলু পেঁয়াজের দাম নিয়ন্ত্রণের মধ্যে আসছে ততদিন পর্যন্ত এই নিষেধাজ্ঞা বলবত থাকবে বলেও মুখ্যমন্ত্রী জানান। রাজ্যে আলু ও পেঁয়াজের দাম বৃদ্ধি নিয়ে দ্রুত টাস্ক ফোর্সের মিটিং ডাকারও নির্দেশ দিয়েছেন তিনি।

\*\*\*\*\*

বিধানসভার অধিবেশন শুরুর আগে আগামীকাল সর্বদল বৈঠকের ডাক দেওয়া হয়েছে। আগামী সোমবার অধিবেশন শুরুর আগে অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়ের পৌরহিত্যে এই বৈঠকে অংশ নেওয়ার জন্যে শাসক তৃণমূল কংগ্রেস ছাড়াও বিরোধী বিজেপি ও ইন্ডিয়ান সেকুলার ফ্রন্ট পরিষদীয় দলকে আমন্ত্রণ জানানো হয়েছে। এই বৈঠকের পরে কার্য উপদেষ্টা কমিটির বৈঠকে অধিবেশনের কার্যসূচী স্থির করা হবে বলে পরিষদীয় দপ্তর সূত্রে জানা গিয়েছে।

\*\*\*\*\*

ঝাড়খন্ড এবং মহারাষ্ট্র বিধানসভার সঙ্গেই এ রাজ্যের ৬ বিধানসভা কেন্দ্রের উপ-নির্বাচনের ভোট গণনা আগামী শনিবার ২৩ শে নভেম্বর। সকাল আটটায় গণনা শুরু হবে। প্রথমে গণনা হবে পোস্টাল ব্যালট, তারপর ইভিএম-এর ভোট। কমিশন জানিয়েছে দুপুর ১-টার মধ্যে বেশিরভাগ ফলাফলই জানা যাবে। তবে, সম্পূর্ণ ফলাফল ঘোষণা হতে সন্ধ্যা গড়িয়ে যাবে।

\*\*\*\*\*

R G Kar-এ তরুণী চিকিৎসকের ধর্ষণ ও খুনের ঘটনায় CPIM, দ্রুত তদন্ত প্রক্রিয়া শেষ করার জন্য CBI-এর কাছে দাবি জানিয়েছে। পাশাপাশি, তদন্তের নামে টিলেমি বা তাড়াহুড়ো করে শেষ করার নামে সত্য যেনো ধামাচাপা দেওয়া না হয়, সেদিকেও লক্ষ্য রাখার দাবি জানিয়েছে দল। " আরও কত সময় চাই, জবাব দাও সিবিআই" -এই স্লোগানকে সামনে রেখে CPIM-এর পক্ষ থেকে আজ CGO কমপ্লেক্স অভিযান করা হয়। R G Kar-এর ঘটনার ন্যায় বিচার এবং নিরপেক্ষ তদন্ত দ্রুততার সঙ্গে শেষ করার দাবিতে উল্টোডাঙ্গা হাডকো মোড় থেকে মিছিল যায় CGO কমপ্লেক্স পর্যন্ত। সেখানে দলের রাজ্য সম্পাদক মহম্মদ সেলিমের নেতৃত্বে এক প্রতিনিধি দল CBI দপ্তরে গিয়ে সংশ্লিষ্ট আধিকারিকদের কাছে স্মারক লিপি জমা দেন। পরে মহম্মদ সেলিম সাংবাদিকদের বলেন-

( বাইট- সেলিম CGO )

সিপিআইএম-এর পলিটব্যুরোর সদস্য রামচন্দ্র ডোম, কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী, যুবনেত্রী মীনাক্ষী মুখোপাধ্যায় সহ নেতৃবৃন্দ আজকের কর্মসূচিতে যোগ দেন।

এদিকে, R G Kar-এর ঘটনায় বিচারের দাবীতে পুরুলিয়ায়তেও আজ এক মিছিল বের করা হয়। ‘নিভে যায়নি বিচারের দাবীতে জ্বলে ওঠা আগুন’- এই স্লোগান নিয়েই পুরুলিয়া শহরের ট্যাক্সি স্ট্যান্ড থেকে মিছিলে সামিল হন বিভিন্ন বয়সের মানুষ। মিছিলে অংশগ্রহণকারী শহরের বিশিষ্ট চিকিৎসক নয়ন মুখার্জি বলেন, আর জি করের ঘটনার পর অনেকটা সময় কেটে গেছে। সময়ের সঙ্গে সঙ্গে প্রতিবাদ ও বিচারের দাবীও যেন কিছুটা স্তিমিত। কিন্তু তা হতে দেওয়া যাবে না। তিলোত্তমা ও তার অভিভাবকরা যাতে ন্যায় বিচার পান, তার দাবীতে লড়াই চালিয়ে যেতে হবে।

\*\*\*\*\*

দুই গোষ্ঠীর সঙ্ঘর্ষে অশান্ত কবলিত মুর্শিদাবাদের বেলডাঙায় এখনও বন্ধ রয়েছে ইন্টারনেট পরিষেবা। উত্তেজনা প্রশমনেই এই সিদ্ধান্ত জেলা পুলিশ ও প্রশাসনের। এদিকে আজ সেখানে যেতে চেয়ে প্রাক্তন প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরী পুলিশের কাছে অনুমতি চাইলেও তা খারিজ করে দিয়েছে প্রশাসন। এই ঘটনায়, কংগ্রেসন রাজ্যের শাসক দলের কড়া সমালোচনা করেছে। এক ভিডিও বার্তায় অধীরবাবু বলেন, সাম্প্রদায়িক সম্প্রীতি নষ্ট করে উত্তেজনাময় পরিস্থিতি সৃষ্টির জন্য দোষীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া উচিত। উত্তেজনা নিরসনে মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপ করা উচিত।

\*\*\*\*\*

গরু পাচারের চেষ্টার অভিযোগে শিলিগুড়ির মেটেলি থানার পুলিশ তিনজনকে গ্রেপ্তার করেছে। উদ্ধার করেছে ২৪ টি গরু। জাতীয় সড়কে গাড়িতে করে সেগুলি পাচারের সময় বুধবার গভীর রাতে চালসার কাছে সেগুলিকে প্রথমে আটক করে পুলিশ। জিজ্ঞাসাবাদের সময় ধৃত তিনজন সন্তোষজনক উত্তর দিতে বা কাগজপত্র দেখাতে না পারায় তাদের গ্রেপ্তার করা হয়েছে। গরুগুলিকে রাখা হয়েছে পাতাবাড়ির একটি খোয়ারে।

ধূতরা সকলেই নকশালবাড়ির বাসিন্দা। এই ঘটনায় আরো কেউ জড়িত কিনা, পুলিশ তা' খতিয়ে দেখছে।

\*\*\*\*\*

মালদার কালিয়াচকের শ্রীরামপুরে আজ দুপুরে গুলিবিদ্ধ হয়ে এক ছাত্রের মৃত্যুর ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে।

পুলিশ জানিয়েছে, সামিউল শেখ নামে বছর ১৭-র ওই কিশোর বেলা সাড়ে বারোটা নাগাদ ছাদে বসেছিল। বাড়িতে তখন কেউ ছিলনা। আচমকা গুলির আওয়াজ পেয়ে আশেপাশের লোকজন ছুটে আসে। ছাদের মধ্যে রক্তাক্ত অবস্থায় পড়ে থাকতে দেখা যায় সামিউলকে। স্থানীয় হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

\*\*\*\*\*

বাংলা, মহিলাদের অনূর্ধ্ব-১৫ একদিনের ক্রিকেটে আজ ১৪১ রানে জম্মু কাশ্মীরকে হারিয়ে দিয়েছে। প্রথমে ব্যাট করে তারা ৩৫ ওভারে ৬ উইকেটে ২১২ রান তোলে। অধিনায়ক সন্দীপ্তা পাত্র ৮৯ রানে অপরাজিত থাকেন। এরপর জম্মু কাশ্মীর ৭১ রানে সব কটি উইকেট হারায়।

\*\*\*\*\*

কলকাতায় আগামী ২৫ তারিখ থেকে শুরু হচ্ছে 'বিকশিত ভারত ইয়ং লিডার ডায়লগ' কর্মসূচি। কেন্দ্রীয় ক্রীড়া ও যুব কল্যাণ মন্ত্রকের অধীন নেহেরু যুব কেন্দ্রের উদ্যোগে এই কর্মসূচির মূল উদ্দেশ্য হলো স্থানীয় প্রতিভাবান যুবকদের অনুসন্ধান করে তাদের মধ্যে নেতৃত্বের বিকাশ ঘটানো। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে নেহেরু যুব কেন্দ্র সংগঠন পশ্চিমবঙ্গ শাখার রাজ্য অধিকর্তা অশোক সাহা জানিয়েছেন, বিকশিত ভারত গঠনের উদ্দেশ্য হলো শক্তিশালী যুব সম্প্রদায়কে গড়ে তোলা, যারা আগামীদিনে দেশকে এগিয়ে নিয়ে যাবে। পাশাপাশি বিকশিত ভারতের সম্পর্কে যুব সম্প্রদায়ের দৃষ্টিভঙ্গি ও মতামত বিনিময়ের জন্য একটি প্ল্যাটফর্ম প্রদান করা।

\*\*\*\*\*

